# বাংলাদেশ কম্পিউটার সমিতি
## BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

# ২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ১৩শ সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : শনিবার, ২৯ মে ২০১০

সময় : বিকাল ৬:০০ মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:

| | | |
|---|---|---|
| জনাব কাজী আশরাফুল আলম | - | সহ-সভাপতি |
| জনাব মজিবুর রহমান স্বপন | - | মহাসচিব |
| জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল) | - | যুগ্ম-মহাসচিব |
| জনাব মোঃ আক্তারুজ্জামান | - | কোষাধ্যক্ষ |
| জনাব ইউসুফ আলী শামীম | - | পরিচালক |
| জনাব মোঃ শাহিদ-উল-মুনীর | - | পরিচালক |

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ১৩ মে ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. WCIT 2010, Computex Taipei 2010 এবং ASOCIO Plenary Meeting পর্যালোচনা
৪. WTISD-2010 মেলা এবং 'কাস্টমার সার্ভিস এক্সিলেন্স' প্রশিক্ষণ কর্মসূচি পর্যালোচনা
৫. বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ এবং বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১
৬. সমিতিতে সদস্যতা প্রসঙ্গে
৭. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ১৩ মে ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি ১৩ মে ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী

অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ১৩ মে ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তাঁর নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

## সভাপতির কর্মকাণ্ড

১৫ই মে ২০১০ সভাপতি সিলেটের একটি রোটারী ক্লাবের অনুষ্ঠানে ডিজিটাল বাংলাদেশ বিষয়ক একটি সেমিনারে মূল বক্তব্য উপস্থাপনা করেন। পরদিন ১৬ মে ২০১০ তিনি সুনামগঞ্জে বিসিএস আয়োজিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনতা কর্মসূচি পরিচালনা করেন। ১৭ মে ২০১০ সভাপতি কপিরাইট বোর্ডের সভায় যোগ দেন। ২০ মে ২০১০ সভাপতি নায়েমে ICT in Education কর্মশালায় যোগ দেন। ২১ মে ২০১০ তিনি নর্দার্ন এলায়েন্সের বাজেট বিষয়ক গোলটেবিল বৈঠকে যোগ দেন। ২৪ ও ২৫ মে সভাপতি বিসিএস আয়োজিত কাস্টমার সার্ভিস এক্সিলেন্স বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী ও সমাপনী সভায় যোগ দেন। ২৯ মে ২০১০ সভাপতি বেসিসের নব নির্বাচিত পরিচালকদের সম্বর্ধনা অনুষ্ঠান পরিচালনা করেন এবং শিক্ষা, গবেষণা ও মানবসম্পদ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভায় সভাপতিত্ব করেন।

আলোচ্যসূচি-৩ : WCIT 2010, Computex Taipei 2010 এবং ASOCIO Plenary Meeting পর্যালোচনা

আলোচনা : মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, ২৫-২৭ মে ২০১০ নেদারলান্ডের আমস্টারডামে অনুষ্ঠিত 'WCIT 2010' সম্মেলনে বিসিএস এর প্রতিনিধিত্ব করার জন্য জনাব কিন্নর দাস, সিইও, সিস্টেম প্যালেস; মনোয়ার হোসেন তালুকদার, স্বত্বাধিকারী, মেমোরী ওয়ার্ল্ড; মো: মোস্তাফিজুর রহমান, স্বত্বাধিকারী, টেক হিল এবং জনাব মো: আতাউল মোস্তফা, সিইও, কম্পিউটার এসোসিয়েটস্-এই ০৪ জন বিসিএস সদস্য আগ্রহ প্রকাশ করেন। কিন্তু ভিসা জটিলতার কারণে 'WCIT 2010' সম্মেলনে কেউ যোগ দিতে পারেননি।

মহাসচিব সভায় আরও অবহিত করেন, বাংলাদেশ কম্পিউটার সমিতির ৩৬ জন সদস্যের একটি প্রতিনিধিদল তাইপে'তে অনুষ্ঠিত বিশ্বের দ্বিতীয় বৃহৎ প্রযুক্তি সংশ্লিষ্ট প্রদর্শনী 'Computex Taipei 2010'-এ অংশগ্রহণের উদ্দেশ্যে আগামী ৩১ মে ২০১০ তারিখ বাংলাদেশ হতে তাইওয়ানের উদ্দেশ্যে যাত্রা করবেন। উক্ত প্রদর্শনী ১-৫ জুন ২০১০ তারিখ পর্যন্ত চলবে।

১৬-২০ জুন ভিয়েতনামের হ্যানয় ও হালুং বে-তে 'ASOCIO Plenary Meeting'-এ বাংলাদেশের প্রতিনিধি দলের অংশগ্রহণ বিষয়ে সভাপতি পরিচালকদের মতামত জানতে চান।

তিনি উল্লেখ করেন কোন ব্যক্তির সেসব স্থানে যাতায়াত, থাকা ও খাবার খরচ নিজ উদ্যোগে করতে হবে। পরিচালকবৃন্দ 'ASOCIO Plenary Meeting' এ অংশগ্রহণ করার ব্যাপারে বিস্তারিত তথ্য সংগ্রহ ও পরিকল্পনা করার জন্য সহ-সভাপতি জনাব কাজী আশরাফুল আলম -কে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : 'ASOCIO Plenary Meeting' এ অংশগ্রহণ করার ব্যাপারে বিস্তারিত তথ্য সংগ্রহ ও পরিকল্পনা করার জন্য অনুরোধক্রমে সহ-সভাপতি জনাব কাজী আশরাফুল আলম দায়িত্ব পালনে সম্মত হন।

আলোচ্যসূচি-৪ : WTISD-2010 মেলা এবং 'কাস্টমার সার্ভিস এক্সিলেন্স' প্রশিক্ষণ কর্মসূচি পর্যালোচনা

আলোচনা : মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন World Telecommunication & Information Society Day-2010 উদযাপন উপলক্ষে ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ১৭-১৮ মে ২০১০ দুই দিনব্যাপী WTISD-2010 নামে একটি মেলার আয়োজন করে। উক্ত মেলায় অংশগ্রহণ করার জন্য বিটিআরসি বাংলাদেশ কম্পিউটার সমিতিকে আমন্ত্রণ জানায়। সেমতে, রিশিত কম্পিউটার্স লি:, স্টার হোস্ট লি:, কম্পিউটার সোর্স লি:, আরএম সিস্টেমস লি:, সিনেটকম টেকনোলজি বাংলাদেশ প্রা: লি: ও বিজয় ডিজিটাল-মোট ৬ টি সদস্য কোম্পানি এবং বাংলাদেশ কম্পিউটার সমিতি মেলায় অংশগ্রহণ করে। মেলায় বাংলাদেশ কম্পিউটার সমিতি-র স্টলে মেলায় আগত দর্শকবৃন্দ বিসিএস এর কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানতে পারেন। মেলায় অংশগ্রহণ করার ব্যয় বাবদ সমিতির পক্ষ থেকে অংশ্রগ্রহণকারীদের কাছ থেকে প্রতি প্রতিষ্ঠানে ৫০০০ টাকা করে নেয়া হয়। এই অর্থে মেলায় অংশগ্রহণ সম্পন্ন হয় এবং সমিতির নিজের কোন অর্থ এই খাতে ব্যয় করতে হয়নি।

'কাস্টমার সার্ভিস এক্সিলেন্স' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির সমন্বয়ক জনাব মজিবুর রহমান স্বপন সভায় আরও অবহিত করেন , ২৪-২৫ মে ২০১০ তারিখ দুই দিনের উক্ত প্রশিক্ষণ কর্মসূচি প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর অতিরিক্ত সচিব ও কার্যনির্বাহী পরিচালক জনাব মো: মাহফুজুর রহমান। এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের রপ্তানি বিষয়ক বিভাগের যুগ্ম-সচিব জনাব মনোজ কুমার রায়। সকাল ৯.০০টায় ঢাকাস্থ শের-ই-বাংলা নগরের আইডিবি ভবনের মিটিং রুম-১ এ শুরু হয় উক্ত প্রশিক্ষণ কর্মসূচি। গ্রাহক সেবার মান বৃদ্ধির লক্ষ্যে উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে বিসিএস এর সদস্য প্রতিষ্ঠানসমূহের সর্বমোট ২৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করেন জনাব এস.এম মনজুরুল ইসলাম চৌধুরী।

জনাব মজিবুর রহমান স্বপন-সহ উক্ত দুইটি কর্মসূচি সফলভাবে আয়োজনে যেসব সম্মানিত ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠান সহযোগিতা প্রদান করেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ প্রদানের জন্য সভাপতি সভায় প্রস্তাব উত্থাপন করেন।

সিদ্ধান্ত জনাব মজিবুর রহমান স্বপন-সহ যেসব সম্মানিত ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠান WTISD-2010 মেলা এবং 'কাস্টমার সার্ভিস এক্সিলেন্স' প্রশিক্ষণ কর্মসূচি সফলভাবে আয়োজনে সহযোগিতা প্রদান করেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৫ : বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ এবং বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১

আলোচনা : সভাপতি 'বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০' এবং 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১' আয়োজন সম্পর্কে পরিচালকদের আলোচনা করার আহ্বান জানান। মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন জানান, মেলার ভেন্যু ও তারিখ নির্ধারনের জন্য তিনি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করেছেন। তিনি বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ এবং বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১ মেলার ভেন্যু, তারিখ ও ভাড়া সংক্রান্ত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কর্তৃপক্ষের চিঠি সভায় উপস্থাপন করেন। বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ মেলার ভেন্যু ও তারিখ সম্পর্কে অধিকতর আলোচনার প্রয়োজন আছে বলে পরিচালকগণ মত পেশ করেন। এ ব্যাপারে সভাপতি প্রয়োজনীয় যোগাযোগ করতে সম্মত হন। বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১ মেলার ভেন্যু ও তারিখ সম্পর্কে পরিচালকগণ ঐক্যমত পোষণ করেন এবং বুকিং নিশ্চিত করার পক্ষে মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত :

- বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ মেলার ভেন্যু ও তারিখ সম্পর্কে অধিকতর আলোচনার এ ব্যাপারে সভাপতি জনাব মোস্তাফা জব্বার প্রয়োজনীয় যোগাযোগ করতে সম্মত হন।
- বিসিএস ডিজিটাল এক্সপো ২০১১ মেলার ভেন্যু বুকিং নিশ্চিত করার জন্য বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কর্তৃপক্ষকে পত্র দেওয়ার সদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্যসূচি-৬ : সমিতিতে সদস্যতা প্রসঙ্গে

আলোচনা : সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা ও সরেজমিনে পরিদর্শন শেষে এক্সপ্রেস সিস্টেমস লিমিটেড এবং ইউজিআই ট্রেড কো: - মোট ২টি কোম্পানির সমিতিতে সদস্যপদ আবেদনপত্র সভায় উপস্থাপন করেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উল্লিখিত কোম্পানিগুলোর সমিতিতে সদস্যপদ অনুমোদনে সায় প্রদান করেন।

সিদ্ধান্ত : সমিতিতে নিম্নলিখিত ২ টি কোম্পানির সদস্যপদ অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়:

| কোম্পানির নাম | সদস্য নং |
|---|---|
| এক্সপ্রেস সিস্টেমস লিমিটেড | ৭৭৮ |
| ইউজিআই ট্রেড কো: | ৭৭৯ |

আলোচ্যসূচি-৭ : বিবিধ

আলোচনা :

- সভাপতি 'বিসিএস ডিজিটাল স্কুল প্রকল্প'-এর আওতায় যেসব স্কুলে কম্পিউটার দেওয়া হয়েছে সেসব স্কুলের শিক্ষার্থী ও শিক্ষকদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতন করার জন্য সেমিনার অথবা প্রশিক্ষণের ব্যবস্থা করার প্রস্তাব করেন। সেমিনার/প্রশিক্ষণ ব্যয় পৃষ্টপোষকতার মাধ্যমে সংগ্রহ করার জন্য পরিচালক জনাব ইউসুফ আলী শামীম মত প্রকাশ করেন। মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বলেন, এ খাতে বিসিএস থেকে সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা খরচ করা যেতে পারে। পরিচালকগণ এ বিষয়ে একমত পোষণ করেন।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বিসিএস এর পরিচালকদের ব্যবহারের জন্য

একটি মোবাইল ফোন কেনার প্রস্তাব করেন। মোবাইলটিতে বিসিএস এর সকল সদস্যদের মোবাইল নম্বর সংরক্ষিত থাকবে। ফলে বিসিএস এর সকল সদস্যদের সাথে পরিচালকগণ দ্রুত সময়ে যোগাযোগ করতে পারবেন। পরিচালকগণ মোবাইল কেনার ব্যাপারে ঐক্যমত পোষণ করেন।

সিদ্ধান্ত :

- ‘বিসিএস ডিজিটাল স্কুল প্রকল্প’-এর আওতায় যেসব স্কুলে কম্পিউটার দেওয়া হয়েছে সেসব স্কুলের শিক্ষার্থী ও শিক্ষকদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতন করার জন্য সেমিনার অথবা প্রশিক্ষণের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- সেমিনার/ প্রশিক্ষণ ব্যয় পৃষ্ঠপোষকতার মাধ্যমে সংগ্রহ এবং এ খাতে বিসিএস থেকে সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- পরিচালকদের ব্যবহারের জন্য একটি মোবাইল ফোন কেনার সিদ্ধান্ত গৃহীত হয়, যাতে বিসিএস এর সকল সদস্যদের সাথে পরিচালকগণ দ্রুত সময়ে যোগাযোগ করতে পারবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি